



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মশালা

প্রকাশিত: ২৮ - ফেব্রুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে সোমবার ‘জেনোম এডিটিং ফর দ্য ডেভেলপমেন্ট অব ক্লাইমেট রেসিলিয়েন্ট নোভেল ব্লাস্ট রেসিস্ট্যান্স হাইট ভ্যারাইটি’ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াসউদ্দীন মিয়া প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর তোফায়েল আহমেদ বিশেষ অতিথি ছিলেন। বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগের প্রফেসর ড. মোঃ তোফাজ্জল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় যুক্তরাজ্যের দ্যা সেইন্সবারি ল্যাবরেটরি (টিএসএল), নরউইচ রিসার্চ পার্ক গ্রুপ লিডার প্রফেসর ড. সোফিয়েন ক্যামুন এবং টিএসএল নির্বাহী পরিচালক প্রফেসর ড. নকোলাস জোসি টালবোট আন্তর্জাতিক বিশেষজ্ঞ ও আমন্ত্রিত প্রশিক্ষণ হিসেবে কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে প্রায় ৫০ বিজ্ঞানী প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বারু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

